

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.১৮.০৩৮.২০.১৯৯

তারিখঃ ০৫ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৯ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা ও দায়রা জজ) জনাব আলী মাসুদ সেখ এর দুরারোগ্য লিভার প্রতিস্থাপন (ট্রান্সপ্ল্যান্টেশন) চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা ও দায়রা জজ) জনাব আলী মাসুদ সেখ, ২৪ তম বিসিএস পরীক্ষার মাধ্যমে ২০০৬ সালে সহকারী জজ হিসেবে যোগদান করেন। তিনি ২০০৮ সাল হতে Hypertension and Chronic Liver Disease due to HBV infection রোগে ভুগছেন যা বর্তমানে liver সিরোসিসে রূপ নিয়েছে। তিনি ভারতের চেন্নাই এ্যাপোলো হাসপাতালে এবং থাইল্যান্ডের ব্যাংককের বামরুনগ্রাদ হাসপাতালে সকল পরীক্ষা নিরীক্ষার পরে বিশেষজ্ঞ ডাক্তারদের অধীনে লিভার সিরোসিস এর চিকিৎসা গ্রহণ করেন এবং বাংলাদেশে ল্যাব এইড স্পেশালাইজড হাসপাতাল, ধানমন্ডিতে ফলোআপে ছিলেন। বিগত ০৩/০৭/২০২২ খ্রিঃ তারিখ তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়ায় তাকে ল্যাব এইড ধানমন্ডির স্পেশালাইজড হাসপাতালের আইসিইউ-তে ভর্তি করা হয়। চিকিৎসকগণ পরীক্ষা-নিরীক্ষার পর তাকে লিভার প্রতিস্থাপনের (ট্রান্সপ্ল্যান্টেশন) জন্য বিদেশ গমনের পরামর্শ প্রদান করেন। উক্ত লিভার প্রতিস্থাপন চিকিৎসার জন্য প্রায় ৭০-৮০ লক্ষ ব্যয় হবে। তিনি দীর্ঘ প্রায় ১৫ বছর যাবত দেশে-বিদেশে নিয়মিত লিভার সিরোসিস এর চিকিৎসা ব্যয় নির্বাহ করতে গিয়ে বর্তমানে আর্থিক সংকটে আছেন। দিন দিন তার শারীরিক অবস্থার অবনতির পাশাপাশি তার আর্থিক সংকট তীব্র থেকে তীব্রতর হচ্ছে। তার সাত বছর বয়স্ক একটি কন্যা সন্তান রয়েছে। তিনি সারাদেশের বিচার বিভাগীয় কর্মকর্তাগণের নিকট চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তার আবেদন করেছেন।

০২। এমতাবস্থায়, আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা ও দায়রা জজ) জনাব আলী মাসুদ সেখ এর দুরারোগ্য লিভার প্রতিস্থাপন (ট্রান্সপ্ল্যান্টেশন) চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সারাদেশের অধস্তন আদালতে কর্মরত বিচারকগণকে যথাসাধ্য আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সহায়তা পাঠানোর ঠিকানা:

আলী মাসুদ সেখ

সঞ্চয়ী হিসাব নং-৪৫০৬২০১০১৯২৩৩

রাউটিং নম্বরঃ ২০০৫৬০৬১৬

সোনালী ব্যাংক লিমিটেড, মানিকগঞ্জ শাখা।

১৯/৩/২০২৩

(তেয়বুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

section5@lawjusticediv.gov.bd

ফোন-ফোন: ২২৩৩৫৭৪২০

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। জেলা ও দায়রা জজ / মহানগর দায়রা জজ ... (সকল)

[আপনার জেলা/মহানগরে কর্মরত সকল পর্যায়ের বিচারকগণকে অবহিত করার অনুরোধসহ]

২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট / চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ... (সকল)

[আপনার ম্যাজিস্ট্রেটসীতে কর্মরত সকল ম্যাজিস্ট্রেটকে অবহিত করার অনুরোধসহ]

জ্ঞাতার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

২। জনাব আলী মাসুদ সেখ, সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা ও দায়রা জজ), আইন ও বিচার বিভাগ।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।

৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। অফিস কপি।